

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৫

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ জ্ঞানবান ও দ্বীনদার ব্যক্তিদের মাঝে যখন খাস ব্যক্তিবর্গ কোন ব্যক্তিকে ভালোবাসে, সম্মান করে, তবে সেই ব্যক্তির উপর আল্লাহর ভালোবাসা থাকার প্রমাণ

ذِكْنُ الْاسْتِدْلَالِ عَلَى مَحَبَّةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِتَعْظِيمِ النَّاسِ عِنْدَهُ بِمَحَبَّةِ خَوَاصِ أَهْلِ الْعَقْلِ وَلَا لِتَعْظِيمِ النَّاسِ عِنْدَهُ بِمَحَبَّةِ خَوَاصِ أَهْلِ الْعَقْلِ وَالدينِ إِياه

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَّى قَالَ: حَدَّتَنَا أُمَيَّةُ بْنُ بِسْطَامٍ قَالَ: حَدَّتَنَا يَزِيدُ بْنُ زُرَيْعٍ قَالَ: حَدَّتَنَا رَوْحُ بْنُ الْقَاسِمِ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنِ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ أَبِي صَالِحٍ عَنِ الْقَعْقَاعِ بْنِ حَكِيمٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ إِذَا أَحَبَّ عَبْدًا نَادَى صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ إِذَا أَحَبَّ عَبْدًا نَادَى جَبْرِيلُ لِأَهْلِ السَّمَاءِ: إِنَّ رَبَّكُمْ أَحَبَّ جَبْرِيلُ لِأَهْلِ السَّمَاءِ: إِنَّ رَبَّكُمْ أَحَبَّ فُلَانًا فَأَحِبُّوهُ فَيُحِبه أَهْلُ السَّمَاءِ قَالَ: ويُوضع لَهُ الْقَبُولُ فِي الْأَرْضِ وَإِذَا أَبْغَضَ عَبْدًا فَمَثَل ذلك.)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 365 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৬৫. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "নিশ্চয়ই মহান আল্লাহ যখন কোন বান্দাকে ভালোবাসেন, তখন তিনি জিবরীল আলাইহিস সালামকে ডেকে বলেন: "আমি ওমুক ব্যক্তিকে ভালোবাসি, অতএব তুমিও তাকে ভালোবাসো।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, তখন জিবরীল আলাইহিস সালাম আসমানবাসীকে বলেন: "নিশ্চয়ই তোমাদের রব্ব ওমুক ব্যক্তিকে ভালোবাসেন, অতএব তোমরাও তাকে ভালোবাসো।" অতঃপর আসমানবাসী তাকে ভালোবাসেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "অতঃপর পৃথিবীতে তাঁর গ্রহণযোগ্যতা দান করা হয়। আর মহান আল্লাহ যখন কাউকে ঘৃণা করেন, সেক্ষেত্রেও এমনটিই হয়ে থাকে।"[1]



ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৭৪৮৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসার সহীহ মুসলিম: ১৭৭১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন